REG. NO. C. 853

জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ পত্র।

২৩শ বর্ষ | রঘুনাথগঞ্জ—মুর্শিদাবাদ ১০ই ভাদ্র বুধবার ১৩৪৩ ইংরাজী 26th August 1936 | ১৫শ সংখ্যা

জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী

জঙ্গিপুর সংবাদের সডাক বার্ষিক মূল্য ২৲ হাতে ১॥০ টাকা। নগদ মূল্য ১৲০ দুই পয়সা। বাৎসরিক মূল্য অগ্রিম দেয়। যে সংখ্যায় নিলামী ইস্তাহারের বিজ্ঞাপন মুদ্রিত হইবে তাহার নগদ মূল্য /০ এক আনা।

জঙ্গিপুর সংবাদে বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ।০ আনা, এক মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৵০ আনা, তিন মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৴০ আনা, ছয় মাসের জন্য প্রতি লাইন প্রতিবার /১০ আনা, এক বৎসর বা ততোধিক কালের জন্য প্রতি লাইন প্রতিবার /০ এক আনা হিসাবে। বড় স্থায়ী বিজ্ঞাপনের বিশেষ দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়। যাবতীয় চিঠি পত্র, মনিঅর্ডার ও বিনিময় সংবাদপত্রাদি নিম্নলিখিত ঠিকানায় পাঠাইতে হইবে

শ্রীবিনয় কুমার পণ্ডিত, জঙ্গিপুর সংবাদ কার্য্যালয়, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।

ছাদের জন্য

লোহার কড়ি

বরগা, এঙ্গেল, করগেট, বল্টু ইত্যাদি উচিত মূল্যে বিক্রয় করি।

সত্বর দরের জন্য পত্র লিখুন।

নিরঞ্জন এণ্ড কোং

প্রোঃ শ্রীমহিমারঞ্জন চট্টোপাধ্যায়।

৬৭।৪ নং ষ্ট্র্যাণ্ড রোড, বড়বাজার, কলিকাতা।

এই জনগণ জাগরণকালে স্ত্রী-পুরুষের মহাবন্ধু

হিলিংবাম

সেবনে মেহরোগ চির আরোগ্য ও নবযৌবন পুনঃপ্রতিষ্ঠিত হইবে।

১ মাত্রায় পরিচয় পাইবেন, সপ্তাহে আরোগ্য হইবেন।

৪২ বৎসর ধরিয়া রোগী ও চিকিৎসক উভয় দলের নিত্য ব্যবহার্য্য। আই-এম-এস, এম-ডি-এফ-আর-সি-এস, এম-আর-সি-পি, এম-আর-সি-এস, এল-আর-সি-পি, এল-আর সি-এস প্রভৃতি উপাধিধারী ডাক্তারগণ কর্ত্তৃক অতি উচ্চ প্রশংসিত ও পৃষ্ঠপোষিত। প্রশংসাকারী দুই একজন ডাক্তারের নাম দেখুন :—

কর্ণেল কে, পি, গুপ্ত আই-এম-এস, এম-ডি, এফ-আর-সি, এস, ইত্যাদি ; লেঃ কর্ণেল এন, পি, সিংহ, আই-এম-এস, এম-আর-সি-পি, এম-আর-সি-এস, সার্জ্জন মেজর বি, কে, বসু, আই—এম-এস, এম-ডি-সি-এম, কাপ্তেন এস, এন, চৌধুরী, আই-এম—এস, এম-আর-সি-এস, এল-আর-সি-পি, ডাঃ পুষং এম-ডি ইত্যাদি।

মূল্য বড় শিশি ৩৲, মাঝারি ২॥০, ছোট ১৷০ ডাক মাশুলাদি স্বতন্ত্র। বিশেষ বিবরণ সম্বলিত তালিকা পুস্তক লিখিলে বিনামূল্যে পাঠাই।

স্নিগ্ধ ও তৃপ্তিকর

জবাকুসুম কেশ তৈল

চুলের গোড়া শক্ত করিয়া চুলের শ্রী বৃদ্ধি করিতে, মাথা ঠাণ্ডা রাখিতে, অনিদ্রা ও শ্রান্তি দূর করিয়া চিত্তে প্রসন্নতা দান করিতে, "জবাকুসুম" আজিও অদ্বিতীয়।

সি, কে, সেন এণ্ড কোং, লিঃ
২৯নং কলুটোলা ষ্টিট কলিকাতা

স্যাঙো

স্বর্ণঘটিত সালসা—স্নায়বিক দৌর্ব্বল্যের মহৌষধ। পারদ গরমী এবং যাবতীয় রক্তদুষ্টিতে অব্যর্থ।

আজকাল স্নায়বিক দৌর্ব্বল্যে অল্পবিস্তর সকলেই কষ্ট পাইতেছেন—তার উপর এখন কর্ম্মযুগ আসিতেছে, এ সময়ে আমরা সকলকেই স্যাঙো সেবন করিতে বলি। পারা, গরমী প্রভৃতি রক্ত দোষও স্যাঙো সেবনে নিবারিত হয় ; দেহ সতেজ হয় ; রক্ত বৃদ্ধি হয়, দেহে নূতন জীবন, নূতন যৌবন সঞ্চার হয়। খোস, পাঁচড়া, দাদ, অর্শ, কাউর, বাত আমবাত সর্দ্দি কাশি সমস্তই স্যাঙো সেবনে নিবারিত হয়।

স্ত্রীলোকের ঋতুর গোলযোগ, বাধক, দীর্ঘকাল ব্যাপী ঋতু, ঋতুকালীন জ্বালা ও ব্যথা সমস্ত উপসর্গে স্যাঙো যাদুমন্ত্রের ন্যায় কার্য্য করে

মূল্য প্রতি শিশি (১৬ দিনের উপযোগী) ২৲ ; ৩টী একত্রে ৫।০
ডাক মাশুলাদি স্বতন্ত্র।

আর, লগিন এণ্ড কোং

ম্যানুঃ—কেমিষ্টস্।

১৪৮ বহুবাজার ষ্ট্রীট কলিকাতা।

টেলিগ্রাম—"হিলিং", কলিকাতা

অশোকা

সকল প্রকার স্ত্রীরোগের মহৌষধ। অশোকা সেবনে অনিয়মিত রজঃস্রাব, জরায়ুর প্রদাহ, শিরোঘূর্ণন ও অনিদ্রা প্রভৃতি উপসর্গ শীঘ্রই প্রশমিত হয়

সি. কে. সেন এণ্ড কোং
লিমিটেড
কলিকাতা

সর্ব্বপ্রকার জ্বরের মহৌষধ

ম্যালেরিয়া, সাবিরাম, অবিরাম, পালাজ্বর প্রভৃতি যাবতীয় জ্বরের অব্যর্থ ও পরীক্ষিত মহৌষধ একজন বহুদর্শী বিশেষজ্ঞের আবিষ্কার।

সি.কে.এস পল্টন মার্কা

ফিভার মিক্শ্চার

সি.কে.সেন এণ্ড কোং লিঃ
কলিকাতা।

জঙ্গিপুর মিউনিসিপ্যালিটি
নোটীশ।

এতদ্দ্বারা সর্ব্বসাধারণকে জ্ঞাত করা যাইতেছে যে, জঙ্গিপুর মিউনিসিপ্যালিটীর কমিশনারগণ তাঁহাদের গত ২৯।৫।৩৬ তারিখের মিটিংএর রেজলিউসন অনুসারে সংক্রামক ব্যাধি সম্বন্ধীয় কতিপয় উপবিধি গ্রহণ করিয়া বঙ্গীয় গভর্ণমেণ্টের অনুমোদন জন্য পাঠাইতে ইচ্ছুক হইয়াছেন। উক্ত উপবিধি সমূহের এক প্রস্থ নকল জঙ্গিপুর মিউনিসিপ্যাল অফিসে সাধারণের অবগতির জন্য রক্ষিত হইয়াছে। ইতি—

D. P. Chatterjee.
Chairman, Jangipur Municipality.

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

জঙ্গিপুর সংবাদ।

১০ই ভাদ্র বুধবার সন ১৩৪৩ সাল

বন্যায় লোকের দুর্দ্দশা।

বন্যার জলে চারিদিক ভাসিয়া যাওয়ায় জনসাধারণের ভয়ানক অসুবিধা হইয়াছে। স্থানে স্থানে রাস্তায় জল উঠিয়া কাদা হওয়ায় চলাচল করা কষ্টকর হইয়াছে। জ্বালানি কাষ্ঠের অভাবে অনেকেই মুস্কিলে পড়িয়াছে। আমাদের জনপ্রিয় মহকুমা ম্যাজিষ্ট্রেট ও সার্কেল অফিসার মহোদয়দ্বয় গ্রামস্থ দুঃস্থ ব্যক্তিদের সাহায্যের ব্যবস্থা করিয়াছেন। বন্যার জলে প্রায় সমস্ত তরকারীর ক্ষেত ডুবিয়া যাওয়ায় বাজারে তরকারী খুব কম আমদানি হইতেছে। যাহা হইতেছে তাহাও খুব চড়া দরে বিক্রয় হইতেছে। বহু জমির বেগুনের চারা নষ্ট হইয়া গিয়াছে।

চুরি।

কিছুদিন হইতে রঘুনাথগঞ্জ সহরে ছিঁচকে চোরের প্রাদুর্ভাব হইয়াছে। কয়েকদিন পূর্ব্বে শ্রীযুক্ত সিদ্ধেশ্বর ঘোষাল মহাশয়ের একখানি কাপড় ও ১টী জামা চুরি গিয়াছে। পাঁচু বেওয়ার দোকানের তালা খুলিয়া এক হাঁড়ি ছাতু ও এক ঝুড়ি মসুর দাইল চুরি করিয়াছে।

স্থানীয় চাউল ব্যবসায়ী ব্রজেন্দ্রমোহন দত্ত মহাশয়ের লোহাপুর হইতে গোগাড়ী যোগে চাউল আসিতেছিল পথিমধ্যে কে বা কাহারা এক বস্তা চাউল নামাইয়া লইয়াছে। দত্ত মহাশয় গাড়োয়ানদের নিকট চাউলের দাম আদায় করিয়াছেন। গাড়োয়ানদের বাড়ী লোহাপুর।

"রীজ" কাপ কম্পিটিসন।

২০শে আগষ্ট বয়স্কাউটস্ এণ্ড রোভারস্ বনাম বাবু-বাজার (বি) দলের খেলা ছিল। খেলা অমীমাংসিত হওয়ায় ২২শে আগষ্ট পুনরায় খেলা হয়। এই দিন বয়-স্কাউটস্ এণ্ড রোভারস দল ৩—০ গোলে জয়লাভ করিয়াছে।

২১শে আগষ্ট জঙ্গিপুর হাইস্কুল (এ) বনাম বাড়ালা রামদাস সেন স্কুলের (এ) দলের খেলা হয়। জঙ্গিপুর হাইস্কুল (এ) দল ২—০ গোলে জয়লাভ করিয়াছে।

২৩শে আগষ্ট ইলেভেন ষ্টারস বনাম বি, এইচ, এস, ক্লাব (এ) দলের খেলা ছিল ইলেভেন ষ্টারস দল ৫—০ গোলে জয়লাভ করিয়াছে।

২৪শে আগষ্ট সুজাপুর বনাম দেশপ্রিয় দলের খেলা ছিল। দেশপ্রিয় দল ১—০ গোলে জিতিয়াছে।

২৫শে আগষ্ট জঙ্গিপুর হাই মাদ্রাসা বনাম জঙ্গিপুর টাউন (২) দলের খেলা ছিল। জঙ্গিপুর টাউন (২) দল ৭—১ গোলে জয়লাভ করিয়াছে।

ইতিহাস প্রসিদ্ধ ভাওয়াল সন্ন্যাসী মামলার উপসংহার।

বিখ্যাত "ভাওয়াল সন্ন্যাসী" মামলার রায় বাহির হইয়াছে। বিচারে বাদীই ভাওয়ালের দ্বিতীয় কুমার বলিয়া সাব্যস্ত হইয়াছেন। বিচারক তাঁহার অনুকূলে খরচাসহ ডিক্রী দিয়াছেন। তিনি ভাওয়ালের সম্পত্তির এক তৃতীয়াংশ পাইবেন।

খোর্দ্দ গোবিন্দপুর মামলার রায়।

গত ১০ই আগষ্ট জলপাইগুড়িতে অতিরিক্ত জেলা জজ মিঃ ম্যাকসার্প তিনজন মুসলমান ও এক জন হিন্দু এসেসার লইয়া খোর্দ্দ গোবিন্দপুরের রোমাঞ্চকর মামলার পুনর্ব্বিচার আরম্ভ করেন। ২৪শে আগষ্ট উক্ত মামলার রায় বাহির হইয়াছে। বিচারে আসামীদের দণ্ড হ্রাস হইয়াছে। দুই জনের চারি বৎসর—অন্যদের ছয়মাস হইতে তিন বৎসর পর্য্যন্ত সশ্রম কারাদণ্ড হইয়াছে। ছয় জন আসামী খালাস পাইয়াছে।

দুর্ব্বৃত্তের কবল হইতে নারীর রক্ষা।

পাতিয়ালা ষ্টেটের গ্রাম হইতে এক চমকপ্রদ খবর আসিয়াছে।

ঘটনার বিবরণে প্রকাশ, এক মুসলমান স্ত্রীলোক তাহার চারি বৎসর বয়স্কা সন্তানকে লইয়া টোঙ্গায় চাপিয়া তাহার পিত্রালয়ে যাইতেছিল। ঐ টোঙ্গাতে আরও কয়েকজন লোক ছিল। যখন ঐ লোকগুলি নামিয়া যায় তখন টোঙ্গাওয়ালা এক জঙ্গলের দিকে টোঙ্গা লইয়া যায় এবং তথায় স্ত্রীলোকটীর নগদ টাকা গহনাপত্র লইয়া যাইতে চেষ্টা করে। স্ত্রীলোকটী বাধা দেয়, উহাতে টোঙ্গাওয়ালা তাহার হাত পা বাঁধে। এই সময় শিশুটী কাঁদিতেছিল, টোঙ্গাওয়ালা শিশুটীর প্রতি নিক্ষেপ করিবার জন্য একটা পাথরের টুকরা তোলে, তখন পাথরের নীচ হইতে একটা সাপ বাহির হইয়া তাহাকে দংশন করে। স্ত্রীলোকটী তখন চেচাইয়া উঠে। তাহাকে উদ্ধার করিবার জন্য কয়েকজন গ্রামবাসী ছুটিয়া আসে।

নীলামের ইস্তাহার।

চৌকি জঙ্গিপুর দ্বিতীয় মুনসেফী আদালত।
নীলামের দিন ২৯শে আগষ্ট ১৯৩৬।

১৪৬৪ খাং ডিঃ অশ্বিনীকুমার মুখোপাধ্যায় দীং দেং মহম্মদ বোগদাদ বিশ্বাস দীং দাবি ২০৬৲ থানা সমসেরগঞ্জ মৌজে শিবপুর ১/৩ অংশ পত্তনী ৫২ একরের কাত ৪২৶১৬ আঃ ২৫৲ খং ৩। ২নং লাট থানা সুতী মৌজে নজির-পুর ।৶৮ গণ্ডা অংশ ৮৯-২৮ শতকের কাত ২৫৲ আঃ ২৫৲ খং ৪০।৪১।৪২।৪৩

চৌকি জঙ্গিপুর প্রথম মুন্সেফী আদালত।
নীলামের দিন ১৪ই সেপ্টেম্বর ১৯৩৬।

৫৩০ খাং ডিঃ শ্যামাচরণ নাথ দীং দেং রাওসান মহম্মদ সেখ দীং দাবি ৪৮/৬ থানা রঘুনাথগঞ্জ মৌজে দফরপুর ২।২ বিঘার কাত ৬।/১০ আঃ ৩০৲ খং ১৪৯৬

চৌকী জঙ্গিপুর প্রথম মুনসেফী আদালত।
নীলামের দিন ১৫ই সেপ্‌টেম্বর ১৯৩৬।

১১৩ খাং ডিঃ সেবাইত শ্যামাচরণ নাথ দীং দেং মর্ত্তেশ্বর মাঝি দীং দাবি ২৪৷৶৬ থানা রঘুনাথগঞ্জ মৌজে তফক ১-৯৫ শতকের কাত ২৷৶১২৷ আঃ ৬৲ খং ১৪৭

১১৪ খাং ডিঃ ঐ দেং রামকুমার মাঝি দীং দাবি ১৮৷৶৬ ঐ মৌজাদি মধ্যে ১/০ বিঘার কাত ১৷৶০ আঃ ৫৲ খং ২৩৬

১৫৮ খাং ডিঃ ঐ দেং সাবজান সেখ দীং দাবি ২৮৷০ থানা ঐ মৌজে চরকা ১৬ শতকের কাত ২৲১৫ আঃ ১০৲ খং ২০০

৩৮৮ খাং ডিঃ ঐ দেং এজিদ সেখ দীং দাবি ২৩৶৯ ঐ মৌজাদি মধ্যে ৪৫ শতকের কাত ৩৲৪ আঃ ১০৲ খং ২৫৲

চৌকী জঙ্গিপুর প্রথম মুন্‌সেফী আদালত।
নীলামের দিন ১৬ই সেপ্‌টেম্বর ১৯৩৬।

৩৩৯ খাং ডিঃ সেবাইত শ্যামাচরণ নাথ দীং দেং হেমন্ত-কুমার সরকার দাবি ৩৩৷৯ থানা রঘুনাথগঞ্জ মৌজে মঙ্গলজুন ১-৭৪ শতকের কাত ৫৲ আঃ ২০৲ খং ১২৭

পল্লী-প্রতিযোগিতা।

পল্লী-সংস্কারের নূতন ব্যবস্থা।

একথা আজ আমরা সকলেই বুঝি যে, গ্রামকে বাঁচাইতে হইলে, গ্রামবাসীদেরই সচেষ্ট হইতে হইবে। অবশ্য দুঃখ আছে, দৈন্য আছে, রোগ-শোক-ভোগ তো আছেই; কিন্তু তাহার মধ্যে অলস উদাসীন হইয়া বসিয়া থাকিলে রোগ শোক-দৈন্য তো কমিবে না। ইহারই মধ্যে উদ্যমকে জাগাইয়া তুলিতে হইবে—হা হুতাশ এবং উচ্ছ্বাস, এই দুইটীকে সমানভাবে বর্জ্জন করিয়া প্রকৃত কার্য্যক্ষেত্রে নামিতে হইবে।

যাহাতে পল্লীবাসীদিগের মধ্যে পল্লী-সংস্কারের কাজে একটা উদ্যম ও উৎসাহ জাগে, তাহার জন্য আজকাল গ্রাম-গঠন ব্যাপার লইয়া এক অভিনব আন্দোলনের সূচনা কোথাও কোথাও দেখা যাইতেছে। বিভিন্ন গ্রামের মধ্যে আদর্শ পল্লী-গঠনের ব্যাপার লইয়া প্রতিযোগিতার প্রবর্ত্তন করাই এই আন্দোলনের স্বরূপ। আদর্শ গ্রাম-গঠনের এই প্রতিযোগিতার মধ্য দিয়াই আদর্শ কর্ম্মী এবং পল্লী-সেবক গড়িয়া উঠিবে, ইহাতে কোনও সন্দেহ থাকিতে পারে না এবং সেই সঙ্গে জনসাধারণের মধ্যেও একটা নব উদ্যম স্বভাবতঃই আসিবে। সুখের বিষয়, ইতিমধ্যে এই প্রতিযোগিতা বাংলা দেশের কোন কোন অঞ্চলে আরম্ভ করা হইয়া গিয়াছে। আশা করা যায় যে, এই নূতন আন্দোলন অচিরকালের মধ্যে সমস্ত দেশে ছড়াইয়া পড়িবে এবং এই ভাবে এক অভিনব পন্থায় বাংলা দেশে পল্লী-সংস্কারের প্রকৃত ভিত্তি গড়িয়া উঠিবে।

বগুড়ায় প্রতিযোগিতার ব্যবস্থা।

সম্প্রতি বগুড়া জিলায় এই ধরণের একটি আদর্শ গ্রাম-গঠন প্রতিযোগিতার ব্যবস্থা করা হইয়াছে। এই সম্পর্কে যে সব বিধি-ব্যবস্থা এবং নিয়ম কানুন তাঁহারা গড়িয়া তুলিয়াছেন, তাহা হইতে স্পষ্ট বোঝা যাইতে পারে যে, কি ভাবে এই প্রতিযোগিতা গড়িয়া তোলা অথবা পরি-চালনা করা যায়।

প্রতিযোগিতার পুরস্কার।

বগুড়া জেলায় স্থির হইয়াছে যে, প্রত্যেক বৎসর এক-বার করিয়া এই প্রতিযোগিতা হইবে। প্রত্যেক থানার অধীন যে যে গ্রাম প্রতিযোগিতায় প্রথম স্থান অধিকার করিবে, তাহারা পুরস্কার এবং সম্মানস্বরূপ একটী করিয়া রৌপ্য কাপ পাইবে এবং জেলার মধ্যে যে গ্রাম সর্ব্বপ্রথম হইবে, তাহাকে একটি শিল্ড উপহার দেওয়া হইবে। এই কাপ এবং শিল্ড বিজয়ী গ্রামের নিকট এক বৎসর করিয়া থাকিবে। তাহা ছাড়া প্রত্যেক বৎসর ব্যক্তিগত-ভাবে শ্রেষ্ঠ কর্ম্মিগণ স্বতন্ত্র পদক পাইবেন।

যোগদানের নিয়ম।

যে যে গ্রাম প্রতিযোগিতায় যোগদান করিতে ইচ্ছুক, তাহাদিগকে ইউনিয়ন বোর্ডের মারফৎ এই প্রতিযোগিতায় যোগদান করিতে হইবে। প্রতিযোগিতায় শ্রেষ্ঠতা বিচার করিবার জন্য একটী সমর্থ বিচারক-কমিটী থাকিবে। কমিটীর নির্দ্দিষ্ট বিচারকগণ প্রতিযোগী গ্রামসমূহ পরিদর্শন করিয়া তাঁহাদের পরীক্ষা-ফল লিখিতভাবে কমিটীকে জানাইবেন। প্রত্যেক বৎ রের শেষে স্থানীয় সংবাদপত্রে কমিটীর সিদ্ধান্ত প্রকাশিত হইবে।

বিচারক-কমিটী।

বগুড়ার জেলা ম্যাজিষ্ট্রেট মহোদয়কে সভাপতি করিয়া ও সাবডিভিসন্যাল অফিসর ও মিঃ মুহম্মদ আলী সাহেবকে সেক্রেটারী করিয়া ১টী শক্তিশালী কমিটি গঠিত হইয়াছে। কমিটীর অন্যান্য সদস্যগণের মধ্যে আছেন—পুলিশ সুপারিণ্টেণ্ডেণ্ট, জেলাবোর্ডের চেয়ারম্যান, লোকাল বোর্ড সমূহের চেয়ারম্যান, জেলা হেল্‌থ অফিসর, জেলা কৃষি অফিসার, স্থানীয় পশু-চিকিৎসক, এ্যাসিষ্টেণ্ট সার্জ্জেন, য়ুনিয়ন বোর্ড এসোসিয়েশনের প্রেসিডেণ্ট, মিঃ সিরাজুল হক এবং মিঃ হবিবর রহমান, বি, এল। কমিটী ইচ্ছা করিলে মনোনয়ন দ্বারা সদস্য-সংখ্যা বাড়াইতে পারেন।

সাধারণতঃ এই প্রতিযোগিতায় বাংলা বৎসরের হিসাবে বৈশাখ হইতে চৈত্র পর্য্যন্ত সময়কে এক বৎসর কাল বলিয়া গণনা করা হইবে। বাহিরের সাহায্য না লইয়া, যে সব কাজ নিজেদের চেষ্টার দ্বারাই সুসম্পন্ন হইয়াছে, সেই সব কাজকেই বিচারে বেশী প্রাধান্য দেওয়া হইবে।

প্রতিযোগিতার বিষয়।

এখন আসল প্রতিযোগিতার বিষয়ে আসা যাক্। যে সমস্ত বিষয়ের উপর পল্লীর উন্নতি নির্ভর করিতেছে, স্বভাবতঃই এই প্রতিযোগিতার বিষয়সমূহ হইল তাহাই; যথা,—স্বাস্থ্য, শিক্ষা, শারীরিক উন্নতির ব্যবস্থা, পথ-ঘাট, শিল্প, কৃষি এবং পশু-পালন। যে গ্রাম এই সমস্ত বিষয়ে অন্যান্য প্রতিযোগি গ্রাম অপেক্ষা তুলনায় বেশী অগ্রসর হইতে পারিবে, প্রতিযোগিতায় সর্ব্ব-প্রথম হইবার সম্মান সেই-ই পাইবে।

স্বাস্থ্য।

এখন জানা দরকার যে, এই সমস্ত বিভিন্ন বিষয়ে প্রতিযোগিতায় কোন্ কোন্ কাজকে বিশেষভাবে পরীক্ষার জন্য বিবেচনা করা হইবে। স্বাস্থ্য সম্পর্কে কাজ বলিতে বুঝাইবে,—পুষ্করিণী পরিষ্কার রাখা, বাজে জঙ্গল সাফ করা, বাড়ীর আশপাশ এবং উঠান পরিষ্কার পরিচ্ছন্ন রাখা, সারের গর্ত্ত বাসগৃহ হইতে যথোপযুক্ত দূরে তৈয়ারী করা, জল যাতায়াতের জন্য নর্দ্দমা পরিষ্কার রাখা এবং নর্দ্দমা ও অন্যান্য জলাধার যাহাতে রোগ-জীবাণুমুক্ত হয়, তাহার ব্যবস্থা অবলম্বন করা। এই সম্পর্কে পল্লীর সাধারণ কল্যাণের জন্য যে সমস্ত ব্যবস্থা অবলম্বন করা হইবে তাহাও বিচারে ধর্ত্তব্য হইবে, যেমন, জেলা বোর্ডের কর্ম্মচারীদের সাহায্যে কুইনাইন পিল বিতরণ, টীকার বন্দোবস্ত, জল সরবরাহের ব্যবস্থার উন্নতি, দাই-শিক্ষার আয়োজন, ডোবা প্রভৃতিতে কেরোসিন দেওয়ার ব্যবস্থা, জনসাধারণের মধ্য হইতে অস্বাস্থ্যকর অভ্যাস দূরীকরণ।

শরীর-চর্চ্চা এবং খেলা-ধূলা।

শরীর-চর্চ্চার দিক হইতে পরিদর্শকগণ দেখিবেন যে, গ্রামে খেলার মাঠের আয়োজন আছে কি না, বিভিন্ন খেলার অনুষ্ঠান কিভাবে গড়িয়া তোলা হইতেছে ইত্যাদি। এই সম্পর্কে সকলের চেয়ে দ্রষ্টব্য বিষয় হইবে যে, খেলা-ধূলার মধ্য দিয়া গ্রামের যুবকদের মধ্যে একটা সত্যকারের হার-জিত-নিরপক্ষ খেলোয়াড় ভাব জাগিয়া উঠিতেছে কি না। বয় স্কাউট গঠন, ব্রতচারী আন্দোলন এবং গ্রামের আভ্যন্তরিক শান্তিরক্ষার জন্য দল-গঠন প্রভৃতি কার্য্যও এই সম্পর্কে বিবেচিত হইবে।

ক্রমশঃ।

ভাদ্র মাসের গঙ্গা।

কবিবর ৺দাশরথি রায়ের পাঁচালি সুরে।

সেই কি মা তুই চৈত্র মাসের
শুষ্ক মরা গাঙ্গ্?
যার জন্যে জহ্নু মুনী
চিরে নিজ জাঙ্গ্।
আজ ধানের মধু মদ্য খেয়ে
সদ্য যেন পাগলী মেয়ে
মাতাল সাজি বেতাল সুরে
তুলি তুফান তান
দুকুল ছাপি আকুল প্রাণে
করিস্ মা প্রয়াণ।
ধু ধু করা মরুভূ রূপ
কোথা সে তোর বালুকা স্তূপ
চৈত্রে যাহা মনে হ'তো
চূর্ণ রজত রাং
খেয়েছিস্ কি আজ মা শিবের
সিদ্ধি গাঁজা, ভাঙ্?
ভরা ভাদর আদরে তোর,
দেশে বিপদ ঘোর
ঘোড়া-মুখো পাকা ধান্য
ডুবে সশীষ থোর
জলের মাঝে মানবের বাস
বংশ মঞ্চোপর
সম্বর মা গঙ্গে তোমার
মূর্ত্তি ধ্বংশ-কর।
ঘর বাড়ী যে ডুবলো কত
গ'ণে হয়না ওর
বাগ্‌ড়ীতে হয় কেঁদে কেঁদে
দুখের নিশি ভোর।
পানকৌরী পাখীর মত
ডুবে কাটে ধান
কৃষক কুলের আর্ত্তনাদে
ফাটে পাষাণ প্রাণ।
মুখের আহার প'চে সাহার
কচি ছেলে কাঁদে
জ্বালানি কাঠ্ সবি ভিজে
চুল্লী নাই যে রাঁধে।
এই কি মা তুই চৈত্র মাসের
শুষ্ক মরা গাঙ্গ্?
অদ্য যেন সদ্য মা তোর
মূর্ত্তি ভীষণ ডাঙ্গ্!
অক্লেশে পার হ'তো যাতে
শৃগাল কুকুর চয়
ভ্রুভঙ্গে তার আজিকে হয়
হয়-হাতীরও ভয়।
হি হি হাসি বারি রাশি
বক্ষে চলে যান
ঠমক দেখে চমক লাগে
ভয়ে কাঁপে প্রাণ।
এই ভীষণ ক্ষতি করিস্ পূরণ
রবি শস্য দিয়ে
সপোষ্য গৃহস্থ যেন
বাঁচে শিব-প্রিয়ে।
রবিখন্দ পে'লে মাগো
যে আনন্দ হবে
জলে ডুবার বিষম জ্বালা
ভুলে যাবে সবে।
নমি শুভঙ্করা, ভাদ্রে
ভয়ঙ্করা গাঙ্গ্
অঙ্কে পলি পঙ্ক,
দৃষ্টি করুণা অপাঙ্গ।
দিস্ মা শিবের সর্ব্বসিদ্ধি
সেওয়াই গাঁজা ভাঙ্
ধান ডুবিল থাকে যেন
পিতল কাঁসা রাং।

শ্রীশরচ্চন্দ্র মুখোপাধ্যায়।

মুর্শিদাবাদ সিল্ক।

বাংলার রেশম শিল্পের পুনরুদ্ধারের উদ্দেশ্যে আমর গভর্ণমেণ্ট সহযোগীতায় নানা রকম রেশম সূত্র প্রস্তুত করিয়া বিদেশী রেশমের প্রতিযোগিতায় বিক্রয় করিতেছি। আমাদের রেশম অতি উৎকৃষ্ট ও সুলভ।

আমাদের রেশমজাত নিজ তাঁতে প্রস্তুত বহু রকমের সাড়ী, থান, গাউন-পিশ, সাটিন থান, সার্টিং সুটিং আমাদের ঘরে মজুত আছে। সুন্দর সুন্দর ডিজাইনের ছাপা সাড়ী সুলভে পাইবেন। অর্ডার দিলে ভি, পি, তে মাল পাঠান হয়।

মানিরুদ্দিন আহাম্মদ এণ্ড কোং
জঙ্গিপুর, মুর্শিদাবাদ।

সস্তায় সাইকেলের সরঞ্জাম।

টায়ার, টিউব ও অন্যান্য পার্টস বাজার অপেক্ষা সুলভে পাইবেন। পরীক্ষা করুন।

শ্রীবিশ্বেশ্বর চট্টোপাধ্যায়,
রঘুনাথগঞ্জ, চাউলপটী।

রামকৃষ্ণ বুক বাইণ্ডিং হল।

কতিপয় মধ্যবিত্ত, শিক্ষিত, উৎসাহী হিন্দু যুবকদ্বারা এই ক্ষুদ্র প্রতিষ্ঠানটী প্রতিষ্ঠিত হইয়াছে। কলিকাতা হইতে আধুনিক শিক্ষায় শিক্ষিত হইয়া এই হিন্দু কারখানাটি অতি অল্প মূলধনে আরম্ভ করা হইয়াছে। বর্ত্তমান যুগে হিন্দুর জাতীয়তা রক্ষা করিতে হইলে এই ক্ষুদ্র বই বাঁধান কারখানাটীর কার্য্যের সুলভতা ও সৌন্দর্য্য পরীক্ষা একান্ত বাঞ্ছনীয়।

স্থান :—
নীলরতন বড়াল উকীলের
বাটীর সংলগ্ন।

স্বত্বাধিকারী—
রমাকান্ত বড়াল।
রঘুনাথগঞ্জ।

ভিপসাহর কালী

পণ্ডিত প্রেসে পাইবেন।
মূল্য প্রতি কৌটা পাঁচ পয়সা।

শুভ সংবাদ।

হিন্দু মাত্রেরই শুভ বিবাহে বরকনের উপযুক্ত সজ্জার মধ্যে মির্জ্জাপুরের গরদের সাড়ী, ধুতি, চাদর, ব্লাউজ পিস্ ও সর্ব্বপ্রকার জামার কাপড়ই সমধিক প্রসিদ্ধ ও মূল্য সুলভ। যাহাতে জঙ্গিপুরে ঘরে বসিয়াই মির্জ্জাপুরের সকল প্রকার বস্ত্র পাইতে পারেন তজ্জন্য রঘুনাথগঞ্জে একটী এজেন্সী স্থাপিত হইয়াছে। অর্ডার দিলে অতি সত্বর পছন্দমত কাপড় সরবরাহ করিয়া থাকি। ঠকিবার কোন কারণ নাই। মির্জ্জাপুরের দরে ঘরে বসিয়াই পাইবেন। সকল প্রকার মটকার ধুত, সাড়ী, চাদর ও থান পাওয়া যায়। পরীক্ষা প্রার্থনীয়।

এজেণ্ট—শ্রীঅবনীকুমার বন্দ্যোপাধ্যায়
পোঃ রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ
(শিবতলার সন্নিকট)

সস্তায় রবার ষ্ট্যাম্প।

সকল প্রকার রবার ষ্ট্যাম্প এক সপ্তাহ মধ্যে সরবরাহ করা হয়। সমস্ত ষ্ট্যাম্পই কলিকাতায় প্রস্তুত এবং কলিকাতার অন্যান্য কারখানা অপেক্ষা জিনিষ ভাল অথচ দামে সস্তা। রবারের পকেট প্রেস, ডেটিং ষ্ট্যাম্প, সেল্‌ফ ইঙ্কিং প্যাড ও কালী সর্ব্বদা বিক্রয়ার্থ মজুত থাকে। পরীক্ষা প্রার্থনীয়।

প্রাপ্তিস্থান—"পণ্ডিত-প্রেস"
পোঃ রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।

দি ওয়ার্ম ইণ্ডিকা।

(আমেরিকায় পরীক্ষিত)

অদ্যাবধি বহু রোগী ইহাতে আশ্চর্য্যজনক ফল পাইয়াছেন। ব্যবস্থানুযায়ী মানুষ ও গরু, মহিষ, ছাগল প্রভৃতি জন্তুর কৃমি রোগ আরোগ্য হইবে। মূল্য প্রতি শিশি ৵১০ সাড়ে তিন আনা। পাইকারী দর স্বতন্ত্র।

প্রাপ্তিস্থান—ডাঃ দেবেন্দ্রচন্দ্র দাস
"অটলবিহারী শাখা ঔষধালয়"
পোঃ রঘুনাথগঞ্জ (মুর্শিদাবাদ)

ত্বকের স্বাস্থ্য ও সৌন্দর্য্য সংরক্ষণের অভিনব প্রসাধন দ্রব্য

রেডিয়ম স্নো

ত্বকের উপর অদৃশ্যভাবে অতি সূক্ষ্মত আবরণরূপে লাগিয়া থাকে। গ্রীষ্ম-জনিত কষ্ট এবং চর্ম্মরোগ হইতে দেহকে রক্ষা করে।

শিশুদিগের কোমল চর্ম্মে নিরাপদে ব্যবহার করা যায়।

স্বনামধন্যা শ্রীমতী সরলা দেবী বলেনঃ—রেডিয়ম স্নো দেখিতে সুন্দর, ঘ্রাণে সুগন্ধি ও স্পর্শে কোমল। ইহার আকার প্রকারের সৌষ্ঠব বিলাতীর সমতুল। দেশী কারখানায় দেশী লোকের দ্বারা প্রস্তুত হইতেছে—না জানিলে ইহাকে একটী শ্রেষ্ঠ বিলাতী বস্তু বলিয়া ভ্রম হইতে পারে।

(স্বাঃ) শ্রীসরলা দেবী।

প্রস্তুতকারক—
রেডিয়ম ল্যাবরেটরী
কলিকাতা।
ফোন—৩০৬২ বি, বি।

সোল এজেন্টস্—
বসাক ফ্যাক্টরী
৩নং ব্রজদুলাল ষ্ট্রীট, কলিকাতা
ফোন—২১৮৩ বড়বাজার।

সব দোকানে পাওয়া যায়।

বি, মান্না এণ্ড সন্সের
কয়েকটী আশ্চর্য্য গুণবিশিষ্ট মহৌষধ

স্বর্ণঘটিত কিওরেটিভ-সালসা

বর্ত্তমান যাবতীয় রসায়ণের মধ্যে সর্ব্বোৎকৃষ্ট গুণবিশিষ্ট মহোপকারী সালসা। রক্তপরিষ্কারক, বল, শক্তি ও ক্ষুধাবৃদ্ধিকারক, পারদ ও উপদংশ-বিষনাশক, স্নায়বিক দৌর্ব্বল্যে, নষ্ট স্বাস্থ্যে, শুক্রতারল্য ও ধাতুদৌর্ব্বল্য রোগে, এবং যাবতীয় স্ত্রীরোগে ও বহু পুরাতন ও জটিল রোগ সমূহের একমাত্র মহোপকারী। কোন বাঁধা ধরা নিয়ম নাই; সকল ঋতুতে সেবন করা যায়। মূল্য দেড় টাকা; মাশুলাদি সমেত ২।৵০

ইলেক্ট্রো গোল্ড-কিওর

জীবনীশক্তিবর্দ্ধক ও নষ্ট স্বাস্থ্য পুনরোদ্ধারক—হতাশ জীবনের একমাত্র বন্ধু। স্নায়ুর দুর্ব্বলতা, পুরুষত্বহীনতা ও শুক্রক্ষীন প্রভৃতি রোগের অব্যর্থ বলকারক ঔষধ। অপরিমিত শক্তি, বল উৎপন্ন করিতে অদ্বিতীয়। ছাত্রদিগের স্মৃতিশক্তি, মেধা ও বুদ্ধিবৃত্তি তীক্ষ্ণ হয়, ক্ষুধাবৃদ্ধি, মানসিক প্রফুল্লতা ও স্নায়বিক উত্তেজনা বৃদ্ধি করে; ছাত্র ও ছাত্রীজীবনের একমাত্র পরম সুহৃদ। মূল্য দেড় টাকা; মাশুলাদি সমেত ২।০

গণোরা-বাম পিল (বটিকা) বা মিকশ্চার

যাবতীয় গণোরিয়া, প্রমেহ ও ধাতুপীড়া রোগের বিশেষ পরীক্ষিত আশুফলপ্রদ মহৌষধ। ২।১ মাত্রায় স্ত্রী পুরুষ উভয়েরই রোগের অসহ্য জ্বালা যন্ত্রণা লাঘব হয়। নূতন ও পুরাতন সর্ব্বপ্রকার লক্ষণযুক্ত প্রমেহ ও মূত্রনালীর রোগ এবং স্ত্রীলোকদিগের শ্বেত ও রক্তপ্রদর প্রভৃতি আরোগ্য হয়। 'গণোরা-বাম' ঔষধ মিকশ্চার ও পিল দুই রকমের পাওয়া যায় উভয়েরই মূল্য প্রতি শিশি দুই টাকা, মাশুলাদি সহ ২॥৵০

হাঁপানি এ্যাজমা-সিরাপ

হাঁপানি শ্বাসকাশের অব্যর্থ মহৌষধ। এক ঘণ্টায় হাঁপানি রোগী মৃত্যুসম যন্ত্রণা হইতে নবজীবন লাভ করে। সর্ব্বপ্রকার লক্ষণ ও উপসর্গ বিশিষ্ট হাঁপানি, দমা, শ্বাসরোগ এবং যাবতীয় ফুসফুস ও শ্বাসনলীর প্রদাহ, ব্রঙ্কাইটিস, হুপিংকফ্, প্রভৃতি রোগ যত দিনের পুরাতন হউক না কেন নিশ্চয় আরোগ্য হয়। এরূপ অব্যর্থ আশু-ফলপ্রদ মহৌষধ অদ্যাবধি আবিষ্কৃত হয় নাই, প্রবল টানের সময় শ্বাস প্রশ্বাসের মৃত্যুসম যন্ত্রনায় একদাগ মাত্র সেবনেই রোগ দূরীভূত হইয়া রোগী সুস্থ হয়। মূল্য দেড় টাকা মাশুলাদি সমেত ২।৵০

এজেন্টস্ :—এম. ভট্টাচার্য্য এণ্ড কোং
৮নং. বনফিল্ডস লেন, কলিকাতা।

—বি, মান্না এণ্ড সন্স।—
মান্না-মেডিকেল-হল
(পোষ্টবক্স নং ১১৪০১) ৪নং গুলু ওস্তাগর লেন: কলিকাতা

সাধনা ঔষধালয়, ঢাকা
অধ্যক্ষ
শ্রীযোগেশচন্দ্র ঘোষ এম এ, এফ সি এস (লণ্ডন)
ভাগলপুর কলেজের রসায়ন শাস্ত্রের ভূতপূর্ব্ব অধ্যাপক

ব্রাঞ্চঃ—শ্যামবাজার (মার্কেট) কলিকাতা * ২১৩ বৌবাজার (কলিকাতা) ৬৭।৪ ষ্ট্রাণ্ড রোড (বড়বাজার) কলিকাতা * চট্টগ্রাম * জমসেদপুর (সাকচী হাইওয়ে) বিহার * তিনসুকিয়া (আসাম) * গৌহাটী (আসাম) * দিনাজপুর * পাটনা (বিহার) * পাটুয়াটুলী (ঢাকা) * বগুড়া * বর্দ্ধমান * ভাগলপুর (বিহার) * মানিকগঞ্জ * মেদিনীপুর রেঙ্গুন (২০২ লুইস ষ্ট্রীট) ব্রহ্মদেশ * লাহোর (পাঞ্জাব) * সিঙ্গাপুর (মালয় দেশ) *
লণ্ডন এজেন্সি—হাই-হল্‌বরণ * কলম্বো (সিলোন)।

সর্ব্ববিধ ঔষধ বিশুদ্ধভাবে ও আয়ুর্ব্বেদশাস্ত্রমতে আমার নিজ তত্ত্বাবধানে প্রস্তুত হইতেছে। পত্র লিখিলে বিনামূল্যে ক্যাটালগ পাঠান হয়। বিস্তারিত অবস্থা জানাইলে যত্নের সহিত উপযুক্ত ব্যবস্থা দেওয়া হয়।

মকরধ্বজ (বিশুদ্ধ ও স্বর্ণঘটিত) তোলা ৪৲ * বিশুদ্ধ চ্যবনপ্রাশ সের ৩৲
শুক্রসঞ্জীবন সের ১৬৲ * অবলাবান্ধব যোগ ১৬ মাত্রা ২৲

বেঙ্গল হোমিও কেমিকেল ওয়ার্কস

পরীক্ষিত ঔষধাবলী
কণ্টিক
বসন্তের প্রতিষেধক।
পেপ—অজীর্ণে ও অম্লে।
বিল—হিষ্টিরিয়ার ঔষধ।
লুং—হাঁপানীর উপকারী।
হর—চুলকানি ও চর্ম্মরোগে।
মূল্য প্রতি ড্রাম ।০ আনা।

সার্জ্জারী জগতে যুগান্তর।

মহাত্মা আনন্দ ঋষির আবিষ্কৃত একমাত্র অপেরীণ ইহা ব্যবহারে লক্ষ লক্ষ রোগী বাগী, ফোড়া, কাকবিড়ালী, ঠুনকা, মুখের ব্রণ, পৃষ্ঠ ব্রণ, উরুস্তম্ভ, শীতলী কর্ণমুল প্রভৃতি যন্ত্রণাপ্রদ ব্যয় বহুল রোগ হইতে বিনা অস্ত্রে ও বিনা জ্বালা যন্ত্রণায় মন্ত্রমুগ্ধের ন্যায় আরোগ্য হয়। মূল্য প্রতি শিশি ১৲, ডজন ১০৲ মাত্র।

দামোদর সুধা

ইহা সেবনে ম্যালেরিয়া জ্বর, প্লীহা ও যকৃত সংযুক্ত জ্বর, নূতন পুরাতন জ্বর, পালা ও কম্প জ্বর, পিত্তশ্লেষ্মার জ্বর প্রভৃতি সর্ব্বপ্রকার জ্বর অতি সত্বর আরোগ্য হয়। ম্যালেরিয়া প্রপীড়িত ব্যক্তি লিভার ও প্লীহা দ্বারা আক্রান্ত হইয়া ন্যাবা, শোথযুক্ত জীর্ণ শীর্ণ এমন কি অস্থি চর্ম্মসার হইয়াও এই দামোদর সুধা ব্যবহারে নিত্যই আরোগ্যলাভ করিতেছেন। মূল্য ॥৵০ প্লীহার মালিষ সমেত ১৲

ফেরোকল—যাবতীয় গণোরিয়া (মেহ, প্রমেহ) রোগের অব্যর্থ মহৌষধ। আজকাল প্রায় অধিকাংশ যুবক যুবতী এই রোগে আক্রান্ত হইয়া যৌবনে বার্দ্ধক্য প্রাপ্ত হন, এবং নানাপ্রকার যন্ত্রণায় মর্ম্মপীড়া ভোগ করেন এমন কি অনেকে জীবনে হতাশ হইয়া থাকেন। ইহা ব্যবহারে উক্ত যন্ত্রণা প্রস্রাবে জ্বালা ও পুঁজ ২।৩ দিনে আরোগ্য করে। একটী পিচকারীসহ প্রতি শিশি মূল্য ১।০ উক্ত ঔষধ সমুহ ভিঃ, পিতে লইলে মাশুলাদি স্বতন্ত্র লাগে।

সোল প্রোঃ **ডাঃ বি, রায় এণ্ড কোং, কেমিষ্টস্**
ফতেপুর, পোষ্ট গার্ডেনরীচ, কলিকাতা

এজেন্টস্—
এম, ভট্টাচার্য্য এণ্ড কোং
কলিকাতা

সন ১৩৪৩ সালের ক্যালেণ্ডার বিনামূল্যে বিতরিত হইতেছে

হোমিও ঔষধ! হোমিও ঔষধ!!

সস্তায় বিশুদ্ধ—বিশুদ্ধতার জন্য গ্যারাণ্টি।

সাধারণ শক্তি (potency) ৩, ৬, ৩০ প্রতি ড্রাম ৵০, ২০০ প্রতি ড্রাম ৵৫ মাত্র। উৎকৃষ্ট সুগার, গ্লোবিউল, কর্ক, শিশি ইত্যাদি বিক্রয় হয়। প্রতি টাকায় ৵০ কমিশন বাদ।

প্রাপ্তিস্থান—অটলবিহারী-শাখা-ঔষধালয়।

ডাক্তার শ্রীদেবেন্দ্রচন্দ্র দাস (হোমিওপ্যাথ) রঘুনাথগঞ্জ, চাউলপট্টি, (মুর্শিদাবাদ)

তারা বার্লী

আমাদের বিশেষত্ব

আমাদের এই তারা বার্লী আধুনিক উন্নত বৈজ্ঞানিক প্রণালী অনুযায়ী মেসিনে এবং সেই শক্তিবান বার্লী বিশেষজ্ঞ শ্রীযুক্ত টি পি, বসু মহাশয়ের চাক্ষুষ ও সংশ্লিষ্ট তত্ত্বাবধানতায় প্রস্তুত। ইহারই একমাত্র বিজ্ঞ কর্ম্ম দক্ষতায় একদিন এসিয়া মহাদেশের সুপ্রসিদ্ধ বিস্কুট ও বার্লী প্রস্তুত কারক স্বনামধন্য স্বর্গীয় (শ্রীযুক্ত) কে, সি, বসু মহাশয় বিস্কুট ও বার্লী প্রচলন করিয়া জগতে আদর্শ স্থানীয় হইয়া ছিলেন। এই ব্যবসায় ইহার অভিজ্ঞতা ১৬ বৎসরের ও অধিক কালের। ইহা হস্ত পৃষ্ঠ নহে।

টি, পি, বসু এণ্ড কোম্পানী লিঃ
তারা ভিটামুড ফ্যাক্টরী
পোঃ বাগবাজার কলিকাতা

ENG. BY D. P. NATH & BROS. 2 BOWBAZAR ST.

রঘুনাথগঞ্জ পণ্ডিত প্রেসে—শ্রীবিনয় কুমার পণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।